দেশ ও মানুষের সেবায়

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড
প্রধান কার্যালয়
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
www.btcl.gov.bd। বিটিসিএল.বাংলা

স্মারক পত্র নংঃ- ১৪.৩৩.০০০০.০০০.০২৬.১১.০০০২.২৫ -১৯ তারিখঃ০৮/০৯/২০২৫ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | গ্রেড ও বেতন-স্কেল (বিটিসিএল) |
|---|---|---|---|
| ০১ | সহকারী ব্যবস্থাপক(কারিগরি) পদসংখ্যা- ৯২(বিরানব্বই) টি | ১। সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হইতে টেলিকমিউনিকেশন্স / ইলেকট্রিক্যাল / কম্পিউটার / ইলেকট্রনিক্স / তথ্য প্রযুক্তি ধরনের সমসাময়িক বিষয়ে (যেমন: ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং(ইইই); কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই); ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই); ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইটিই); ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইইসিই), সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং) অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (প্রকৌশল) ডিগ্রি বা সমমানের (ইউজিসি কর্তৃক ইকুইভ্যালেন্স) বৈদেশিক ডিগ্রি থাকিতে হইবে।<br><br>২। যে সকল প্রার্থী গ্রেডিং সিস্টেমে পাশ করিয়াছেন তাঁহাদের স্নাতক (প্রকৌশল) ডিগ্রি বা সমমানের বৈদেশিক ডিগ্রিতে সিজিপিএ ৪.০০ (চার) স্কেলে ন্যূনতম ২.৫০ (দুই দশমিক পাঁচ শূন্য) এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষা ও মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) স্কেলে ন্যূনতম ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকিতে হইবে। অন্যান্যদের ক্ষেত্রে শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি / বিভাগ বা সমমান গ্রহণযোগ্য নহে। অন্য কোনো জিপিএ / সিজিপিএ স্কেলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের বিধি অনুসারে জিপিএ/সিজিপিএ ৫.০০ (পাঁচ) বা ৪.০০ (চার) স্কেলে রূপান্তর করিতে হইবে। | গ্রেড-৭ (৩০,৮০০৮-৭৭,৮৩০৬) এবং অন্যান্য সুবিধাদি |

**প্রয়োজনীয় শর্তাবলি:**

১. উপরোক্ত ছকে বর্ণিত বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (প্রকৌশল) ডিগ্রি বা সমমানের (ইউজিসি কর্তৃক ইকুইভ্যালেন্স) বৈদেশিক ডিগ্রি থাকিতে হইবে।

২. উপরোক্ত ছকে বর্ণিত সিজিপিএ/জিপিএ বা শ্রেণি থাকতে হবে।

৩. কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে সমমানের বলে দাবি করলে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৪. বিভাগীয় প্রার্থী ব্যতীত সকল পর্যায়ের আবেদনকারীর বয়স আবেদন করার শেষ তারিখে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে পারবে। তবে, বিটিসিএল এর কর্মে নিযুক্ত আছেন এমন কোনো যোগ্য প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি/সমমান সনদপত্র ব্যতীত অন্য কোনো প্রশংসাপত্র/অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৬. কোটার প্রার্থীদের ক্ষেত্রে হালনাগাদ সরকারি সিদ্ধান্ত অনুসরণ করা হবে।

৭. আগ্রহী প্রার্থীদের অনলাইনে টেলিটকের নির্দিষ্ট পোর্টালের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে এবং টেলিটক মোবাইলের মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে হবে। পরীক্ষা ফি বাবদ প্রার্থীগণকে অফেরতযোগ্য ২৩০/= (দুই শত ত্রিশ) টাকা প্রদান করতে হবে। অনগ্রসর নাগরিকদের ফি বাবদ প্রার্থীগণকে অফেরতযোগ্য ৫৬/= (ছাপান্ন) টাকা প্রদান করতে হবে।

৮. আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদানের বিস্তারিত নিয়মাবলি বিটিসিএল এর ওয়েবসাইট btcl.portal.gov.bd এ পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। বিটিসিএল এর কোনো দপ্তরে সরাসরি কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৯. আবেদনকারীগণকে প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০. প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রণীত মেধাতালিকার প্রথম ১২০০ (বারো শত) জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে (মেধাক্রমের সর্বশেষ স্থানে সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থী অন্তর্ভুক্ত থাকবে) । লিখিত পরীক্ষার মোট নম্বর ৮০ (আশি) এবং লিখিত পরীক্ষায় পাস নম্বর হবে ৪০ (চল্লিশ)।

১১. মৌখিক পরীক্ষার নম্বর ২০ (বিশ) এবং মৌখিক পরীক্ষার পাশ নম্বর ১০ (দশ)। কোনো প্রার্থী মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ না হলে তিনি চূড়ান্তভাবে অকৃতকার্য হয়েছেন বলে বিবেচিত হবেন।

১২. লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বিটিসিএল এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিতরা মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় মোবাইল ফোনে এস.এম. এস এর মাধ্যমে নোটিফিকেশন পাবেন।

১৩. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা সরকারি, আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত, তাঁদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অনাপত্তি ছাড়পত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। কোনো প্রার্থী ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। মৌখিক পরীক্ষার সময় শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল অথবা সাময়িক সনদ ও নম্বর পত্র অবশ্যই প্রদর্শন করতে হবে।

১৪. লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র ও নম্বর গোপনীয় হিসেবে গণ্য হবে এবং কোনো অবস্থাতেই কোনো প্রার্থী বা তার প্রতিনিধিকে সেগুলো প্রদর্শন বা প্রদান করা হবে না। লিখিত পরীক্ষার উত্তরপত্র পুনঃপরীক্ষণ বা পুনঃনিরীক্ষণের কোনো সুযোগ নেই।

১৫. মৌখিক পরীক্ষার নম্বর গোপন থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা এতৎসংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

১৬. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে পরিচালনা পর্ষদ কর্তৃক এ উদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলে প্রত্যায়িত হতে হবে।

১৮. নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ কোম্পানির চাকরিতে নিয়োগলাভের জন্য উপযুক্ত কি না তা যথাযথ এজেন্সির মাধ্যমে প্রতিপাদন করা হবে।

১৯. নিয়োগলাভের পর যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে।

২০. বিটিসিএল কর্তৃপক্ষ কোনো কারন দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগ বিজ্ঞপ্তি কোনো কারণবশতঃ বাতিল করা হলে প্রার্থী যে টেলিটক মোবাইলের নম্বর হতে ফি প্রদান করবেন শুধুমাত্র উক্ত নম্বরেই প্রদত্ত ফি এর অর্থ (ভ্যাট ও ট্যাক্স এর জন্য গৃহীত টাকা ব্যতীত) ফেরত প্রদান করা হবে।

২১. আবেদনকারী কর্তৃক প্রদানকৃত ভুল তথ্যের ক্ষেত্রে আবেদনকারীর দরখাস্ত কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিলের ক্ষমতা বিটিসিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২২. নিয়োগের আবেদন ১৫/০৯/২০২৫ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে শুরু করে ২৯/০৯/২০২৫ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা এর মধ্যে সম্পন্ন করতে হবে।

04/09/2025

(মোঃ খালেদ মামুন)
জিএম, আর এন্ড টি,বিটিসিএল
ফোনঃ ০২৫৫১৪১৬১২
gm.rnt@btcl.gov.bd